

# শিশু শিক্ষাকেন্দ্রে কম্পিউটার পাঠ

## নিজস্ব সংবাদদাতা

লিচু  
জমি

ময়ে  
ভাগ  
নিয়ে  
লিশ  
বীমা  
বার  
কথা  
নছি  
বিক্রি

মের

খান

গাড়ি

গালা

ও

মলে

নের

আর।

লর

ট্রের

ধনী

জন

তে

কক্সনগর: এ বার শিশু ও মাধ্যমিক শিক্ষাকেন্দ্রগুলির পড়ুয়াদের কম্পিউটারের পাঠ দেওয়ার উদ্যোগ নিল নাকাশিপাড়া ব্লক প্রশাসন। একই উদ্যোগ নেওয়া হচ্ছে সিনিয়র মাদ্রাসার পড়ুয়াদের ক্ষেত্রেও। ব্লকের এই ধরনের ৪৭টি শিক্ষাকেন্দ্রে ৫৪টি কম্পিউটার দেওয়া হচ্ছে। এর জন্য ১৬ লক্ষ টাকা খরচ হবে বলে জানিয়েছে ব্লক প্রশাসন। ইতিমধ্যে কম্পিউটার কেনা হয়ে গিয়েছে। শীঘ্রই ওই সব শিক্ষাকেন্দ্রে কম্পিউটার পৌঁছে যাবে বলে ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে।

নদিয়ার জেলাশাসক সুমিত গুপ্ত বলছেন, "নাকাশিপাড়া ব্লক শিশু ও মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে কম্পিউটার দেওয়ার যে উদ্যোগ নিয়েছে, তা খুবই ভাল। এর ফলে একদিকে কম্পিউটারের প্রাথমিক পাঠ নিতে পারবে ছাত্রছাত্রীরা, তেমনিই ওই শিক্ষাকেন্দ্রগুলি প্রয়োজনীয় অফিসের কাজও করতে পারবে।"

নাকাশিপাড়া ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ব্লকে ৩৩টি শিশু শিক্ষাকেন্দ্রে সাতটি মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে, তিনটি সিনিয়র মাদ্রাসা

এবং সংখ্যালঘু উন্নয়ন দফতরের আওতায় ৪টি মাদ্রাসা শিক্ষাকেন্দ্রে আছে। শিশু শিক্ষাকেন্দ্রে এবং মাধ্যমিক শিক্ষাকেন্দ্রগুলিতে একটি করে কম্পিউটার দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। সিনিয়র মাদ্রাসা এবং মাদ্রাসা শিক্ষাকেন্দ্রগুলিতে দুটি করে কম্পিউটার দেওয়া হবে।

নাকাশিপাড়া পঞ্চায়েত সমিতির নিজস্ব তহবিল ও এসএসকে-এমএসকের জন্য বরাদ্দ অর্থের সুদের টাকা থেকে এই কম্পিউটার দেওয়া হবে। নাকাশিপাড়ার বিডিও সমর দত্ত বলছেন, "এর ফলে পড়ুয়াদের সুবিধা হবে।" ছাত্রছাত্রীদের কম্পিউটারের প্রাথমিক পাঠ দেওয়ার জন্য কি আলাদা করে শিক্ষক নিয়োগ হবে? ব্লকের এক আধিকারিক জানান, আলাদা করে শিক্ষক নিয়োগের প্রয়োজন নেই। ওই সব শিক্ষাকেন্দ্রগুলিতে যে সব শিক্ষক আছেন, তাঁদের কম্পিউটারের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তাঁরাই ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ দেবেন।

পঞ্চায়েত সমিতির সহ সভাপতি তন্ময় গঙ্গোপাধ্যায় বলেন, "আমরা চাই এই সব শিক্ষাকেন্দ্রের পড়ুয়ারাও কম্পিউটারে জ্ঞান অর্জন করুক। তাই এই উদ্যোগ নেওয়া হয়েছে।"

১৯৪৪-১০

আমেরিকা সরকার ১৯ মে ২০১৭

